ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৮৬

আগরতলা,২২ আগস্ট,২০২৫

**স্ট্রেংদেনিং সাব ন্যাশনাল এস.ডি.জি. মনিটরিং**
**কর্মশালার উদ্বোধন করলেন পরিসংখ্যানমন্ত্রী**

স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন মন্ত্রকের উদ্যোগে এবং রাজ্য সরকার ও ইউ.এন.ডি.পি.-র সহযোগিতায় আজ গীতাঞ্জলি গেস্ট হাউজে 'স্ট্রেংদেনিং সাব ন্যাশনাল এস.ডি.জি. মনিটরিং' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করে পরিকল্পনা (স্ট্যাটিস্টিক্স) দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, পরিসংখ্যান দপ্তর হচ্ছে ডাটাভিত্তিক একটি গুরুত্বপূর্ণ দপ্তর। বিকশিত ভারত গড়ার লক্ষ্যে দপ্তরের এই ধরনের উদ্যোগ অবশ্যই প্রশংসনীয়। তিনি কর্মশালায় উপস্থিত দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত প্রতিনিধিদের ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন মন্ত্রকের এ.ডি.জি. এস.সি. মালিক বলেন, এস.ডি.জি.-কে শক্তিশালী করার ক্ষেত্রে এই কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এক্ষেত্রে ত্রিপুরা সরকার প্রশংসনীয় কাজ করছে। পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্র বক্তব্য রাখতে গিয়ে এস.ডি.জি. সম্পর্কে রাজ্য সরকারের সামগ্রিক দৃষ্টিভঙ্গি তুলে ধরেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সরকারের নীতি আয়োগের অ্যাডভাইজার রাজীব কুমার সাহা। কর্মশালায় ত্রিপুরা সহ দেশের ৭টি রাজ্য থেকে প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

*****